

শিশুদের দায়িত্ববোধ শেখাতে ধাপে ধাপে পাঠ্যক্রমে পরিবর্তন আনা হচ্ছে: ববি হাজ্জাজ

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট


প্রকাশ : ২০ মে ২০২৬, ১৮:১৯



প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। ছবি: সংগৃহীত

Advertisement: 3:29

আগামী প্রজন্মকে বিশ্বে নেতৃত্ব দেওয়ার মতো করে গড়ে তুলতে কাজ করছে সরকার বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। তিনি বলেন, শিশুদের নাগরিক দায়িত্ববোধ ও দায়িত্বশীলতা শেখাতে ধাপে ধাপে পাঠ্যক্রমে পরিবর্তন আনা হচ্ছে।

 [দৈনিক ইভেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বুধবার (২০ মে) সকালে রাজধানীর বেইলি রোডে বাংলাদেশ গার্ল গাইডস অ্যাসোসিয়েশনের আয়োজনে ‘নীল কমল অ্যাওয়ার্ড-২০২৬’ অনুষ্ঠানে তিনি এ কথা জানান।

আগামী প্রজন্মকে বিশ্ব নেতৃত্বের উপযোগী করে গড়ে তুলতে কাজ করছে সরকার জানিয়ে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বলেন, শিশুদের নাগরিক দায়িত্ববোধ ও দায়িত্বশীলতা শেখাতে ধাপে ধাপে পাঠ্যক্রমে পরিবর্তন আনা হচ্ছে।

ভবিষ্যতের শিক্ষার্থীদের ভালো নাগরিক হিসেবে গড়ে তুলতে সরকার কাজ করছে বলেও জানান তিনি।

প্রতিমন্ত্রী আরও বলেন, সরকার স্কুলে পুষ্টিকর খাবার সরবরাহ কার্যক্রম চালু রেখেছে এবং এর মান নিশ্চিতও নজরদারি করা হচ্ছে। অনুষ্ঠানে দেশের বিভিন্ন অঞ্চল থেকে নির্বাচিত ৫৭ জন শিশুকে নীল কমল অ্যাওয়ার্ড প্রদান করা হয়।